

**গণশিক্ষা সম্পর্কিত  
জাতীয় কাউন্সিলের  
বৈঠক অনুষ্ঠিত**

মঙ্গলবার সচিবালয়ে ডাইস প্রেসি-  
ডেন্ট বিচারপতি জনাব আবদুস  
সাত্তরের সভাপতিত্বে গণশিক্ষা  
সম্পর্কিত জাতীয় কাউন্সিলের বৈঠক  
অনুষ্ঠিত হয়। বৈঠকে প্রধানমন্ত্রী  
শাহ আজিজুর রহমান উপস্থিত  
ছিলেন। খবর বাসসর।

বৈঠকে গণশিক্ষার ক্ষেত্রে বিশেষ করে  
শিক্ষা, মহিলা বিষয়ক, পরিবার পর-  
কল্পনা, সমাজকল্যাণ এবং যুব মন্ত্রণা  
লয়ের অধীনে বিভিন্ন সংস্থার কার্য-  
ক্রম পর্যালোচনা করা হয়।

বৈঠকে সংস্থাগুলোকে কার্যক্রম  
ত্বরান্বিত করতে সহযোগিতা দানের  
সিদ্ধান্ত নেয়া হয়।

বৈঠকে উপ-প্রধানমন্ত্রী এস এ  
বারী এটি, স্বরাষ্ট্রমন্ত্রী লেঃ কর্নেল  
(অবঃ) মুস্তাফিজুর রহমান, মহিলা  
বিষয়ক মন্ত্রী ডঃ আমিনা রহমান,  
শ্রম ও শিল্প কল্যাণ মন্ত্রী জনাব  
রিয়াজউদ্দীন আহমেদ শিক্ষা প্রতি-  
মন্ত্রী জনাব আবদুল বাতেন এবং  
অন্য উচ্চ পর্যায়ের সরকারী কর্ম-  
কর্তাগণ উপস্থিত ছিলেন।